# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

ফোন : ০২২২৩৩৮৬৯১১
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd;
www.krishibank.org.bd


নং-প্রকা/এইচআরএমডি-১/সেকশন-২/১৬(১)(৭)/২০২২-২০২৩/২৬৩৬

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

অতীব জরুরী

সকল মহাব্যবস্থাপক (অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজসহ);
সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রধান কার্যালয়/কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়;
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক;
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা;
সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

## বিষয়: মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী গৃহ নির্মাণ অগ্রিমের কিস্তি যথাযথভাবে কর্তন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে প্রশাসনিক পরিপত্র নম্বর ০৪/২০২৩, তারিখ: ২০-০৩-২০২৩ খ্রিষ্টাব্দের মাধ্যমে জারিকৃত ''বাংলাদেশ কৃষি ব্যাংক গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০২৩'' এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হল।

২.০ বর্ণিত নীতিমালার উপ-অনুচ্ছেদ নম্বর ১৭.১৬ এ গৃহ নির্মাণ অগ্রিমের কিস্তি কর্তন বিষয়ে নিম্নরূপ নির্দেশনা রয়েছে:

''গৃহ নির্মাণ অগ্রিমের মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী গৃহ নির্মাণ অগ্রিমের কিস্তি যথাযথ কর্তনের বিষয়টি শাখা ব্যবস্থাপক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত করিতে হইবে। কোনো শাখা ব্যবস্থাপক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কোনো কর্মকর্তা-কর্মচারীর গৃহ নির্মাণ অগ্রিমের কিস্তি মঞ্জুরীপত্রের শর্ত অনুযায়ী কর্তন না করিলে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবে এবং প্রয়োজনে চাকুরি প্রবিধানমালা মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।''

৩.০ উল্লেখ্য, ''বাংলাদেশ কৃষি ব্যাংক গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০১০'' এর উপ-অনুচ্ছেদ নম্বর ১১.১৮ এ অনুরূপ নির্দেশনা থাকা সত্ত্বেও কোনো কোনো ক্ষেত্রে যথাযথভাবে অগ্রিমের কিস্তি কর্তন না হওয়ায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন।

৪.০ এমতাবস্থায়, মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী গৃহ নির্মাণ অগ্রিমের কিস্তি যথাযথভাবে কর্তন এবং ইতিমধ্যে কোনো কর্মকর্তা-কর্মচারীর কিস্তি কম কর্তন করে থাকলে, তা দ্রুততার সাথে হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বেতন আয়ন-ব্যয়ন কর্তৃপক্ষকে (শাখা ব্যবস্থাপক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ) নির্দেশনা দেয়া হল। প্রসঙ্গত: যথাযথভাবে কিস্তি কর্তন করতে ব্যর্থ হলে, দায়ী কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০২৩ এর উপ-অনুচ্ছেদ নম্বর ১৭.১৬ মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.০ বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

২২/০৩/২৩

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-১/সেকশন-২/১৬(১)(৭)/২০২২-২০২৩/২৬৩৬

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, প্রধান কার্যালয় এবং সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি। শাখা/কার্যালয় নিরীক্ষাকালে গৃহ নির্মাণ অগ্রিমের মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী কিস্তি কর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হল।
৪. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৫. নথি/মহানথি।

২২.০৩.২০২৩

(শিবলী সাদিক)
সহকারী মহাব্যবস্থাপক